

## উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এর সাথে নারীবাদী সংগঠন 'প্রাগ্রসর' এর নির্বাহী পরিচালক এর সৌজন্য সাক্ষাৎ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এর সাথে তাঁর কার্যালয়ে নারীবাদী সংগঠন 'প্রাগ্রসর' এর নির্বাহী পরিচালক ফৌজিয়া খন্দকার ইভা সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় প্রাগ্রসর এর পক্ষ থেকে উপাচার্য মহোদয় এর নিকট নারীর প্রতি সকল ধরনের বৈষম্য নিরসনের উদ্দেশ্যে সচেতনতামূলক লিফলেট ও পোস্টার উপস্থাপন করেন।



উল্লেখ্য ২৬ মে ২০২৪ তারিখ রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে নারীবাদী সংগঠন ‘প্রাগ্রসর’ এর উদ্যোগে জেন্ডারভিট্রিক সহিংসতার বিরুদ্ধে প্রতিবাদের উদ্দেশ্যে জনমত গঠনসহ সহিংসতার শিকার নারীদের জন্য সরকারী আশ্রয় কেন্দ্রগুলোতে প্রবেশাধিকার সহজলভ্য ও প্রয়োজন অনুসারে আসনসংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে একটি ক্যাম্পেইনের আয়োজন করা হয় যেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এই ক্যাম্পেইনের মাধ্যমে জেন্ডারভিট্রিক সহিংসতা সম্পর্কে যেমন সকলকে অবহিত করা হয় তেমনি তা নির্মূলের জন্য একত্রে কাজ করার আহ্বানও জানানো হয়। এরইসাথে সহিংসতার শিকার নারীদের জন্য আশ্রয় কেন্দ্রগুলোর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সরকারের সাথে এ্যাডভোকেসি করার বিষয়েও জোট গঠনের ডাক দেওয়া হয়।